



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(মনিটরিং-১ শাখা)
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১৯ (অংশ-১)-৯১

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৭
২৯ এপ্রিল ২০২০

পরিপত্র


বিষয়: স্থানীয় সরকার বিভাগ হতে স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জেলা পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদ) সমূহের অনুকূলে বিভিন্ন সময়ে মঞ্জুরীকৃত/বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যয় নিশ্চিতকরণ ও ত্রাণ সামগ্রী বিতরণ কার্যক্রমে সুষ্ঠু সমন্বয়সাধন।

বৈশ্বিক মহামারী নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবে সৃষ্ট বর্তমান পরিস্থিতি মোকাবেলায় এ বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখা হতে চলতি ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)র উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ খাতের 'বিশেষ থোক (মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী)' উপখাত এবং অপ্রত্যাশিত (প্রাকৃতিক দুর্যোগ, মহামারী ইত্যাদি) উপখাত হতে স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জেলা পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদ) সমূহের অনুকূলে বিভিন্ন সময়ে ত্রাণ ও সুরক্ষা সামগ্রী ক্রয়ের লক্ষ্যে আর্থিক বরাদ্দ মঞ্জুরী প্রদান করা হয়েছে। মঞ্জুরীকৃত/বরাদ্দকৃত এসব অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করার জন্য সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা/কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ০৩ এপ্রিল ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.৭৬ নং স্মারকে প্রাপ্ত পত্রের নির্দেশনা অনুযায়ী করোনা ভাইরাসজনিত রোগ (COVID-19) এর বর্তমান পরিস্থিতিতে জেলা ও উপজেলা প্রশাসন জনপ্রতিনিধিগণের সহায়তায় সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া জনগোষ্ঠী যেমন-শ্রমিক, দিনমজুর, রিক্সা/ভ্যান চালক, পরিবহন শ্রমিক, ডিম্বক, প্রতিবন্ধী, পথশিশু, স্বামী পরিত্যক্তা/বিধবা নারী এবং হিজড়া সম্প্রদায়সহ অসহায় ও দুঃস্থদের সমন্বয়ে ওয়ার্ডভিত্তিক উপকারভোগীর সঠিক তালিকা প্রণয়ন করেছেন/করছেন। তাই এ বিভাগ কর্তৃক স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বরাদ্দকৃত বিশেষ থোক হতে ত্রাণ সামগ্রী বিতরণ কার্যক্রমে দ্বৈততা পরিহারের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক প্রস্তুতকৃত দুঃস্থ ও অসহায় উপকারভোগীর তালিকা অনুসরণ এবং ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় হতে প্রাপ্ত বরাদ্দের সাথে সমন্বয় করা প্রয়োজন। এছাড়া, ত্রাণ কাজে কোন ধরনের দুর্নীতি/অনিয়ম যাতে না ঘটে তাও নিশ্চিত করা প্রয়োজন।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, স্থানীয় সরকার বিভাগ হতে স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জেলা পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদ) সমূহের অনুকূলে বিভিন্ন সময়ে মঞ্জুরীকৃত/বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যয় নিশ্চিতকরণ এবং ত্রাণ সামগ্রী বিতরণ কার্যক্রমে দ্বৈততা পরিহার ও দুর্নীতি/অনিয়ম রোধকল্পে সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক প্রস্তুতকৃত দুঃস্থ ও অসহায় উপকারভোগীর তালিকা যথাযথ অনুসরণসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত বরাদ্দের সুষ্ঠু সমন্বয় নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ পরিপত্রটি অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
E-mail:mon1@lgd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান/প্রধান নির্বাহী কর্মকর্তা,.....জেলা পরিষদ,.....জেলা।
- ২। মেয়র/প্রশাসক,.....পৌরসভা,.....জেলা।
- ৩। চেয়ারম্যান,.....উপজেলা পরিষদ,.....জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা,.....জেলা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব,.....বিভাগ/মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার,.....বিভাগ।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার,.....বিভাগ (যথাযথ মনিটরিং নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৫। জেলা প্রশাসক,.....জেলা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার,.....জেলা (যথাযথ মনিটরিং নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।